

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 07.12.2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) কেন্দ্রীয় মন্ত্রিসভা দেশে আরো ২৮ টি নবোদয় বিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছে। এর মধ্যে ২ টি হবে ঐ রাজ্যে ঝাড়গ্রাম ও পূর্ব বর্ধমানে।
- ২) বিশেষভাবে সক্ষম পদুয়াদের জন্য আড়াই হাজার শিক্ষক নিয়োগ করতে চলেছে রাজ্য সরকার।
- ৩) রাজ্যের ৬ টি বিদ্যালয়ে স্থায়ী উপাচার্যের নাম অনুমোদন করেছেন রাজ্যপাল।
- ৪) দক্ষিণ ২৪ পরগনার কুলতলির মহিষমারি এলাকায়, নাবালিকা খুন ও ধর্ষণের ঘটনায় অভিযুক্ত মুসতাকিন সর্দারকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, এই রায়কে স্বাগত জানিয়ে বলেছেন, মহিলাদের বিরুদ্ধে কোন অপরাধ সংগঠিত হলে রাজ্য সরকার তা কোনোভাবেই বরদাস্ত করবে না।

এই রায় তাদেরও মনোবল বাড়িয়েছে বলে আর জি করের নিঃত তরুণী চিকিৎসকের বাবা মা দাবি করেছেন। তদন্ত ঠিকঠাক হলে ন্যায়বিচার পাবেন বলে তাঁরাও আশা প্রকাশ করেছেন।

- ৫) রাজ্য সরকার শান্তনু সেনকে রাজ্য মেডিকেল কাউন্সিলের পদ থেকে সরিয়ে দিয়েছেন।
- ৬) আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং পাঞ্জাব এফ সি, র কাছে গতকাল পরাজিত হয়েছে। চেনাইয়ের জওহরলাল নেহরু স্টেডিয়ামে আজ ইস্টবেঙ্গল, চেনাইয়িন এফ সি র বিরুদ্ধে খেলবে।

নবোদয় বিদ্যালয় প্রকল্পের আওতায় দেশের যে সমস্ত জেলায় এখনও বিদ্যালয় খোলা হয়নি, সেগুলিতে ২৮ টি নতুন নবোদয় বিদ্যালয় স্থাপন করা হবে। নতুন দিল্লীতে গতসন্ধ্যায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। এই ২৮ টির মধ্যে আছে রাজ্য পূর্ব বর্ধমান ও ঝাড়গ্রামে দুটি নবোদয় বিদ্যালয়। মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো সাংবাদিকদের বলেন, নতুন নবোদয় বিদ্যালয়গুলি গড়ে তুলতে খরচ পড়বে ২ হাজার ৩৬০ কোটি টাকা।

মন্ত্রিসভা দেশে আরও ৮৫ টি নতুন কেন্দ্রীয় বিদ্যালয় স্থাপনের বিষয়টিও অনুমোদন করেছে।

---

বিশেষ ভাবে সক্ষম পড়ুয়াদের জন্য স্পেশাল এডুকেটার পদে আড়াই হাজার শিক্ষক নিয়োগ করতে চলেছে রাজ্য সরকার। জানা গেছে, উচ্চ প্রাথমিক ও নবম-দশম পর্যায়ে স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে এই নিয়োগ হবে। রাজ্য মন্ত্রিসভা নিয়োগের বিষয়ে ছাড়পত্র দিয়েছে। তবে এই বিশেষ শিক্ষক পদে নিয়োগের ক্ষেত্রে বেশ কিছু শর্ত রয়েছে। সাধারণ বিএড প্রার্থীরা এই পদের জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। রিহ্যাবিটেশন কাউন্সিল অফ ইন্ডিয়া অনুমোদিত স্পেশাল এডুকেশনে বিএড করলে তবেই এই শিক্ষক নিয়োগের প্রক্রিয়ায় অংশ নেওয়া যাবে। এই পদে নিযুক্ত শিক্ষকদের একাধিক স্কুলে ক্লাস করতে হতে পারে বলে খবর।

---

রাজ্যের ৬ বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্যের নাম অনুমোদন করেছেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। এঁরা হলেন প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের নির্মাণ নারায়ণ চক্রবর্তী, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের শঙ্কর কুমার নাথ, কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কল্লোল পাল, বাঁকুড়া

বিশ্ববিদ্যালয়ের রূপ কুমার বর্মণ, রানী রাসমণি বিশ্ববিদ্যালয়ের অমিয় কুমার পান্ডা এবং সিধু কানো বিরসা বিশ্ববিদ্যালয়ের পবিত্র কুমার চক্রবর্তী।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এর আগে এই ৬ জনের নাম সুপারিশ করেছিলেন। সেটিই অনুমোদন করলেন রাজ্যপাল। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এজন্য এক্স হ্যান্ডেলে রাজ্যপালকে ধন্যবাদ জানিয়েছেন।

উল্লেখ্য, সুপ্রিম কোর্টের নির্দেশে রাজ্যের ৩৬ টি বিশ্ববিদ্যালয়ে স্থায়ী উপাচার্য নিয়োগের প্রক্রিয়া চলেছে।

---

জগন্নাথ মন্দিরের কাজের অগ্রগতি খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি পূর্ব মেদিনীপুর জেলা সফরে যাচ্ছেন। আগামী মঙ্গলবার তিনি কলকাতা থেকে আকাশপথে দীঘায় পৌঁছে বুধবার মন্দিরের কাজ খতিয়ে দেখবেন। কথা বলবেন আধিকারিক, ইঞ্জিনিয়ারদের সঙ্গে। বৃহস্পতিবার তার কলকাতায় ফেরার কথা বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে।

---

তরঙ্গের স্বপ্ন প্রকল্পে ছাত্র-ছাত্রীদের ট্যাব কেনার টাকা নিয়ে জালিয়াতির প্রেক্ষিতে রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান কেনার প্রক্রিয়া কর্তৃত সুরক্ষিত, তা খতিয়ে দেখার সিদ্ধান্ত নিয়েছে। যে পোর্টালের মাধ্যমে কৃষকদের একাউন্টে ধান বিক্রির টাকা পৌঁছে দেওয়া হয় সেখানে কোনরকম ফাঁক রয়েছে কিনা তা খতিয়ে দেখার জন্য খাদ্যমন্ত্রী রঞ্জিত ঘোষ, তথ্য প্রযুক্তি সহায়ক ও আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

উল্লেখ্য রাজ্যে ১৭ লক্ষ ৭৮ হাজার ৪২৯ জন নথিভুক্ত চাষী রয়েছেন। চলতি বছরে ধান বিক্রির জন্য তাদের কুইন্টাল প্রতি ২৩০০ টাকা করে সহায়ক মূল্য দেওয়া

হচ্ছে। এছাড়াও সরাসরি ক্রয় কেন্দ্রে গিয়ে চাষীরা ধান বিক্রি করলে তারা আরো কুড়ি টাকা করে পাচ্ছে।

---

পানীয় জল প্রকল্পে জমি জট কাটাতে মুখ্যমন্ত্রীর নির্দেশের প্রেক্ষিতে মুখ্যসচিব মনোজ পন্থ আজ ডিভিসি, রেল-সহ বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার সঙ্গে বৈঠকে বসেন। বৈঠকে মুখ্য সচিব বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার কাছে দ্রুত সমস্যার সমাধান করার জন্য অনুরোধ জানান। কেন্দ্রীয় সংস্থা গুলির তরফেও দ্রুত সমস্যার সমাধানের আশ্চাস মিলেছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, বিভিন্ন কেন্দ্রীয় সংস্থার অসহযোগিতার কারণে রাজ্যের প্রায় ১০ লক্ষ পরিবার বা ৫০ লক্ষ মানুষ জল জীবন মিশন প্রকল্পে বাড়ি বাড়ি পানীয় জলের পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছেন বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি দাবি জানিয়েছেন। অবিলম্বে ওই সব সংস্থার সঙ্গে বৈঠক করে সমস্যার সামধান করতে তিনি মুখ্যসচিব মনোজ পন্থকে তিনি নির্দেশ দেন। তারই পরিপ্রেক্ষিতেই আজকের এই বৈঠক। আগামী সোমবার পরবর্তী পর্যালোচনা বৈঠকে এই সংক্রান্ত রিপোর্ট মুখ্যমন্ত্রীর কাছে পেশ করা হবে।

---

রক্ষণাবেক্ষণের কাজের জন্য আগামী ১৪ ই ডিসেম্বর রাতে টালা থেকে শহরে জল সরবরাহ বন্ধ থাকবে। রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম গতকাল পুর ভবনে সাংবাদিকদের বলেন, টালা ও পলতায় জল সরবরাহের লাইন রক্ষণাবেক্ষণের কাজের জন্য সাময়িকভাবে ত্রৈদিন রাতে জল সরবরাহ বন্ধ থাকবে। পরদিন ১৫ ই ডিসেম্বর সকাল ছটা থেকে ফের টালা থেকে জল সরবরাহ

চালু হবে । এর ফলে উত্তর ও মধ্য কলকাতার বেশ কিছু অংশে ওই দিন রাতে জল সরবরাহ বন্ধ থাকবে বলেও মেয়র জানান ।

## বাইট

---

দক্ষিণ ২৪ পরগনার কুলতলির মহিষমারি এলাকায়, নাবালিকা খুন ও ধর্ষণের ঘটনায় অভিযুক্ত মুসতাকিন সর্দারকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। ঘটনার ৬১ দিনের মাথায় এই সাজা ঘোষণা করা হল। বারুইপুর পক্সো আদালতের বিচারক গতকাল এই ঘটনায় একমাত্র অভিযুক্ত মুসতাকিনকে ফাঁসির সাজা দেন। সরকারি ও আসামী দু পক্ষের সওয়াল জবাব শোনার পর বিচারক এটিকে বিরলতম ঘটনা বলে উল্লেখ করেন। সরকারি আইনজীবী বিভাস চট্টোপাধ্যায় পরে সাংবাদিকদের বলেন,

### বাইট আইনজীবী

উল্লেখ্য, গত চৌর্থ অক্টোবর চতুর্থ শ্রেণির ওই ছাত্রী টিউশন পড়তে বেরিয়ে আর বাড়ি ফেরেনি। স্থানীয় মহিষমারি পুলিশ ফাঁড়িতে অভিযোগ জানানো হলেও পুলিশ কোন উদ্যোগ নেয়নি বলে অভিযোগ। এর্দিন গভীর রাতে বাড়ি থেকে বেশ কিছুটা দূরে ধান জমিতে মেলে ওই ছাত্রীর দেহ। ঘটনার প্রতিবাদে এলাকার মানুষ ক্ষোভে ফেটে পড়েন। মহিষমারি পুলিশ ফাঁড়ি ভাঙচুর, আগুন লাগিয়ে দেয় উত্তেজিত জনতা। আরজিকর কাণ্ডের আবহে কয়েকদিন ধরে চলে প্রতিবাদ বিক্ষোভ। পুলিশ প্রথমে খুনের মামলা রঞ্জু করে। পরে পক্সো ধারা যোগ করা হয়। ২৫ দিনের মাথায় বারুইপুর আদালতে চার্জ শিট জমা পড়ে। মোট ৩৬ জনের সাক্ষ্য গ্রহণের পর গত ৫ ই ডিসেম্বর মুসতাকিনকে দোষী সাব্যস্ত করা হয়।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, এই রায়কে স্বাগত জানিয়ে বলেছেন, মহিলাদের বিরুদ্ধে কোন অপরাধ সংগঠিত হলে রাজ্য সরকার তা কোনোভাবেই বরদাস্ত করবে না। সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি, এই ধরনের মামলায় বিলম্ব না করে দ্রুত সঠিক বিচার প্রক্রিয়া সুনিশ্চিত করার কথা বলেছেন। দুই মাসের কিছু বেশি সময়ের মধ্যে এই

মামলা প্রক্রিয়া শেষ করার ঘটনা রাজ্যের ইতিহাসে অভূতপূর্ব বলে তিনি উল্লেখ করেছেন। এই মামলার সঙ্গে যুক্ত সমস্ত পুলিশ আধিকারিকদের অভিনন্দনও জানান তিনি।

এদিকে বিজেপি এই রায়কে স্বাগত জানালেও আর জি কর মামলায় এখনও কোনো বিচার না হওয়ায় ক্ষেত্র প্রকাশ করেছে। দলের বিধায়ক শক্তির ঘোষ গতকাল সাংবাদিকদের বলেন,

### বাইট শক্তির ঘোষ

তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও আর জি করের মামলায় সিবিআইয়ের বিচারপ্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলেছেন। জয়নগরের ঘটনায় ৬১ দিনের মধ্যেই বিচার প্রক্রিয়া সম্পন্ন হলেও আর জি করের ঘটনার চার মাস হতে চললেও কেন এখনও সিবিআই কোনো নির্দিষ্ট তথ্য তুলে ধরতে পারে নি, সকল জানতে চান।

মুস্তাকিনের ফাঁসির সাজা ঘোষণা হতেই তার বাবা মা ও আত্মীয়রা কানায় ভেঙে পড়েন। মুস্তাকিনের মা বলেন, তার ছেলের কিছু মানসিক সমস্যা রয়েছে, কিন্তু গরীব বলেই তারা সুবিচার পেলেন না।

অন্যদিকে, জয়নগরের মেয়েটির বাবা-মা এই রায়কে স্বাগত জানিয়েছেন। মেয়েটির বাবা বলেন, মুখ্যমন্ত্রী তাঁদের ন্যায়বিচারের আশ্বাস দিয়েছিলেন। প্রশাসনের ওপরেও তারা ভরসা রেখেছিলেন। উচ্চ আদালতেও এই রায় বহাল থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন। নাবাবিকার মা বলেছেন এই রায়ে তাঁর মেয়ের আত্মা শান্তি পাবে।

এদিকে এই রায় তাদেরও মনোবল বাড়িয়েছে বলে আর জি করের নিহত তরুণী চিকিৎসকের বাবা মা দাবি করেছেন। তবে তাঁরা এও বলেছেন, জয়নগরের আসামী প্রভাবশালী নয় বলে তার দ্রুত শান্তি হয়েছে। কিন্তু তাদের লড়াইটা কঠিন। কারণ এক্ষেত্রে প্রভাবশালীদের বিরুদ্ধে লড়াই করতে হচ্ছে। তদন্ত ঠিকঠাক হলে তারাও ন্যায়বিচার পাবেন বলে নির্যাতিতার বাবা আশা প্রকাশ করেন।

আর জি করের তরুণী পিজিটি চিকিৎসকের বাবা মা গতকাল মেডিকেল কাউন্সিল থেকে স্বাস্থ্যভবন পর্যন্ত জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের ডাকা মিছিলেও যোগ দেন। অভীক দেকে

রাজ্য মেডিকেল কাউন্সিলের সদস্য পদে ফেরানোর বিরুদ্ধে এই মিছিলে প্রতিবাদ জানানো হয়।

অন্যদিকে শিয়ালদা আদালতে আর জি করের খুন ও ধর্ষণের মামলায় এক ফরেনিক বিশেষজ্ঞ ও সিবিআইয়ের তিন তদন্তকারীর গতকাল সাক্ষ্য গ্রহণ করা হয়।

---

রাজ্য সরকার শান্তনু সেন কে রাজ্য মেডিক্যাল কাউন্সিল থেকে সরিয়ে দিয়েছে। এর আগে তাঁকে দলের মুখ্যপাত্রের পদ থেকে সরিয়ে দিয়ে তার নিরাপত্তাও প্রত্যাহার করে নেয় রাজ্য সরকার।

অন্যদিকে রাজ্য মেডিকেল কাউন্সিলের সভাপতি, তৃণমূল কংগ্রেস বিধায়ক চিকিৎসক সুদীপ্ত রায় কাউন্সিল থেকে সরকারি প্রতিনিধি হিসাবে শান্তনু সেনকে সরানোর আবেদন জানিয়ে স্বাস্থ্য সচিবকে চিঠি দিয়েছিলেন। উল্লেখ্য আরজি কর হাসপাতালে চিকিৎসক পড়ুয়া কে ধর্ষণ ও খুনের ঘটনায় চিকিৎসকদের আন্দোলনকে সমর্থন করে রাস্তায় নেমেছিলেন শান্তনু বাবু।

---

30 তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের তৃতীয় দিনে গতকাল সিনেপ্রেমীদের অংশগ্রহণ ছিল চোখে পড়ার মতো। চলচ্চিত্র প্রদর্শনের পাশাপাশি প্রতিদিনের মতো ছিল সিনেমা আড়ডা। তবে প্রদর্শনী গুলিতেও ভিড় অপেক্ষাকৃত কম চোখে পড়েছে। সত্যজিৎ রায় স্মারক বক্তৃতা ও অভিনেত্রী বিদ্যা বালনের উপস্থিতি দর্শকদের কাছে ছিল বাড়তি আকর্ষণ।

আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং ০-২ গোলে পাঞ্জাব এফ সি, র কাছে পরাজিত হয়েছে। দিল্লির জওহরলাল নেহরু স্টেডিয়ামে গতকাল এই ম্যাচে বিজয়ী দলের হয়ে গোল করেছেন মাজসেন ও মারজিয়াক।

---

চেনাইয়ের জওহরলাল নেহরু স্টেডিয়ামে আজ আইএসএল ফুটবলে ইস্টবেঙ্গল, চেনাইয়িন এফ সি র বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে বিকেল পাচটায়। ইস্টবেঙ্গল ৮ ম্যাচে চার পয়েন্ট নিয়ে লিগ তালিকার সর্বশেষ ১৩ তম স্থানে রয়েছে। অন্যদিকে নবম স্থানে থাকা চেনাই এর ১০ ম্যাচে পয়েন্ট ১২।

---